গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.২৯.০২১.২২.৪৬২ তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০
১০ মে ২০২৩

**পরিপত্র**

বিষয়: ভোলা এলাকার কম্প্রেসড গ্যাস পরিবহনপূর্বক উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল)-এর অধিক্ষেত্রাধীন এলাকার গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ সংক্রান্ত।

বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতিতে দেশে বিদ্যুৎসহ শিল্প কারখানায় গ্যাসের সংকট নিরসনকল্পে, 'বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০২১ সনের সর্বশেষ সংশোধনসহ)' অনুসরণক্রমে ভোলা এলাকার উদ্বৃত্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার ও গ্যাস ঘাটতি রয়েছে এমন এলাকার শিল্প কারখানায় গ্যাস সরবরাহ নিশ্চিত করতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর তত্ত্বাবধানে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেডের মাধ্যমে গ্যাস কম্প্রেসড করে পরিবহনপূর্বক তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল)-এর অধিক্ষেত্রাধীন এলাকার গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড নিজ উদ্যোগ ও ব্যয়ে এসজিসিএল-এর কারিগরি বিনির্দেশ ও তত্ত্বাবধানে প্রাথমিকভাবে ৫ এমএমসিএফডি এবং পরবর্তী পর্যায়ে আরো ২০ এমএমসিএফডি গ্যাস কম্প্রেসডকরণ/পরিবহন/সরবরাহের জন্য সকল প্রকার অবকাঠামো নির্মাণপূর্বক গ্যাস কম্প্রেসড ও পরিবহনের ক্ষেত্রে 'সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা-২০০৫ (২০২৩ সনের সর্বশেষ সংশোধনসহ)'-এর সংশ্লিষ্ট বিধি-বিধান প্রতিপালনপূর্বক প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করে টিজিটিডিসিএল-এর অধিক্ষেত্রাধীন এলাকার গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ করবে;

(২) ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড, টিজিটিডিসিএল-এর সাথে আলোচনাপূর্বক নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করে শিল্প প্রতিষ্ঠান নির্বাচন করবে:

ক) টিজিটিডিসিএল-এর অনুমোদিত লোডের মধ্যে সীমাবদ্ধ রেখে কম্প্রেসড গ্যাস ব্যবহারে আগ্রহী গ্রাহক;
খ) টিজিটিডিসিএল-এর অনুমোদন সাপেক্ষে গ্যাস লোড বৃদ্ধি করে কম্প্রেসড গ্যাস ব্যবহারে আগ্রহী গ্রাহক;
গ) টিজিটিডিসিএল-এর অধিক্ষেত্রাধীন সরকার কর্তৃক অনুমোদিত পরিকল্পিত শিল্প এলাকায় কম্প্রেসড গ্যাস ব্যবহারে আগ্রহী স্থাপিত/স্থাপিতব্য তিতাস গ্যাসের অনুমোদিত নতুন শিল্প গ্রাহক।

(৩) ভোক্তা পর্যায়ে প্রতি ঘনমিটার গ্যাসের মূল্য হবে ৪৭.৬০ টাকা। উক্ত মূল্যের মধ্যে উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ৩০.৫০ টাকা, ফিড গ্যাসের মূল্য ১৭.০০ টাকা এবং ডিমান্ড চার্জ ০.১০ টাকা অন্তর্ভুক্ত থাকবে;

(৪) ফিড গ্যাসের মূল্য ১৭.০০ টাকার মধ্যে বিইআরসি কর্তৃক জারিকৃত মূল্যহার বন্টনে বিদ্যমান বিভিন্ন চার্জ

আনুপাতিক হারে অপরিবর্তিত থাকবে। এছাড়াও উক্ত ১৭.০০ টাকার মধ্যে বিশেষায়িত কার্যক্রম বিবেচনায় সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ডিস্ট্রিবিউশন চার্জ/মার্জিন ১.২০ টাকা এবং তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল) ও রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর চার্জ/মার্জিন যথাক্রমে ০.৬৫ ও ০.১৫ টাকা অন্তর্ভুক্ত হবে। ফিড গ্যাসের মূল্যের অন্তর্ভুক্ত বিভিন্ন চার্জের বণ্টন বিবরণী পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য;

(৫) ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড ফিড গ্যাসের মূল্য ও ডিমান্ড চার্জ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-কে পরিশোধ করবে এবং ফিড গ্যাসের মূল্য অনুযায়ী অনুমোদিত লোডের ০২ মাসের সমপরিমাণ অর্থ (১৫ দিনের নগদ এবং ৪৫ দিনের ব্যাংক গ্যারান্টি আকারে) নিরাপত্তা জামানত হিসাবে উদ্যোক্তা প্রতিষ্ঠান এসজিসিএল-কে জমা প্রদান করবে;

(৬) ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর নিকট হতে ফিড গ্যাস গ্রহণপূর্বক পরিবহন করে তিতাস গ্যাসের গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ করবে;

(৭) তিতাস গ্যাসের গ্রাহক শিল্প প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হয়ে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড এতদ্‌সংশ্লিষ্ট কার্যক্রমের জন্য তাদের চার্জ (অর্থাৎ কম্প্রেসন, পরিবহন ও ডি-প্রেসারাইজেশন চার্জ) এবং একই সাথে ফিড গ্যাসের মূল্য ও ডিমান্ড চার্জ বাবদ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-কে পরিশোধিত অর্থ গ্রাহক শিল্প প্রতিষ্ঠানের নিকট হতে আদায়/পুনর্ভরণ করবে;

(৮) এসজিসিএল হতে গ্যাস গ্রহণপূর্বক পরিবহন করে শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের ক্ষেত্রে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড-এর সঙ্গে গ্রাহক শিল্প প্রতিষ্ঠানের আরেকটি পৃথক চুক্তি করতে হবে;

(৯) সরকারিভাবে প্রযোজ্য বিধি-বিধান অনুসারে উদ্যোক্তার ক্ষেত্রে ভ্যাট-ট্যাক্স প্রযোজ্য হবে। তবে ফিড গ্যাসের ক্ষেত্রে এসজিসিএল প্রযোজ্যতা অনুযায়ী ভ্যাট ট্যাক্স পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে;

(১০) ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড ও সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর মধ্যে সম্পাদিতব্য ১০ বছর মেয়াদি চুক্তির মাধ্যমে গ্যাস গ্রহণ, পরিবহন ও সরবরাহের যাবতীয় কার্যক্রম নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে। সম্পাদিতব্য চুক্তির কোনো শর্তাদির সংশোধন বা পরিবর্তন প্রয়োজন হলে, উভয় পক্ষের সমঝোতার ভিত্তিতে এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে চুক্তি সংশোধন বা পরিবর্তন করা যাবে;

(১১) ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেডের কম্প্রেসন স্টেশন পরিচালনার জন্য নিজ আঙ্গিনায় স্থাপিতব্য গ্যাস ইঞ্জিন ও গ্যাস জেনারেটরে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে ‘ক্যাপটিভ পাওয়ার’ শ্রেণিতে গ্যাস সংযোগ চুক্তি এবং সংযোগ পূর্ববর্তী ও সংযোগ পরবর্তী প্রক্রিয়াকরণ ‘গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪’ অনুযায়ী সম্পাদিত হবে এবং এক্ষেত্রে সরকার কর্তৃক প্রচলিত ক্যাপটিভ পাওয়ার শ্রেণির জন্য নির্ধারিত গ্যাসের মূল্যহার প্রযোজ্য হবে;

(১২) ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড, এসজিসিএল-এর নিকট হতে শ্রেণি ভিত্তিক গ্রহণকৃত গ্যাস একই শ্রেণিতে ভোক্তা পর্যায়ের শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ করছে কিনা এ বিষয়টি নিশ্চিতকরণসহ মিটারিং ও রক্ষণাবেক্ষণ কাজ টিজিটিডিসিএল নিয়মিতভাবে তদারকি করবে;

(১৩) কম্প্রেসন, পরিবহন ও ডি-প্রেসারাইজেশন কাজের সার্বিক নিরাপত্তা বিষয়ক ব্যবস্থাপনা আরপিজিসিএল

নিয়মিতভাবে তদারকি করবে;

(১৪) এতদ্‌সংশ্লিষ্ট কোনো ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হলে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: পরিশিষ্ট 'ক'।

১০-৫-২০২৩
মোছা: মোর্শেদা ফেরদৌস
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৯০৬৫৮
ইমেইল: dsdev3@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

২) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

৩) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)

৫) মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)

৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৮) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

৯) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**পরিশিষ্ট ‘ক’**

## ফিড গ্যাসের মূল্যের অন্তর্ভুক্ত বিভিন্ন চার্জের বণ্টন বিবরণী

(টাকা/ঘনমিটার)

| ক্রমিক নং | গ্রাহক শ্রেণি | উৎপাদন চার্জ | গ্যাস উন্নয়ন তহবিল | বিইআরসি গবেষণা তহবিল | জ্বালানি নিরাপত্তা তহবিল | ট্রান্সমিশন চার্জ | ডিস্ট্রিবিউশন চার্জ | এসজিসিএল এর সার্ভিস চার্জ | টিজিটিডিসিএল এর সার্ভিস চার্জ | আরপিজিসিএল এর সার্ভিস চার্জ | মূল্য সংযোজন কর | ফিড গ্যাসের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩= (৩+৪+৫+৬+ ৭+৮+৯+১০+ ১১+১২) |
| ২ | **ক্যাপটিভ পাওয়ারঃ** | | | | | | | | | | | |
| | (খ) ভোলার নন-পাইপ গ্যাস | ১০.৮৯১৯[১] | ০.৬১৩১ | ০.০৩ | ০.৬১৯৯ | ০.৪৭৭৮ | ০.১৫ | ১.২০ | ০.৬৫ | ০.১৫ | ২.২১৭৩ | ১৭.০০ |
| ৩ | **শিল্পঃ** | | | | | | | | | | | |
| | (ঘ) ভোলার নন-পাইপ গ্যাস | ১০.৮৬২৭[২] | ০.৬২২৯ | ০.০৩ | ০.৬৩৯৩ | ০.৪৭৭৮ | ০.১৫ | ১.২০ | ০.৬৫ | ০.১৫ | ২.২১৭৩ | ১৭.০০ |

[১]উক্ত উৎপাদন চার্জের মধ্যে বাপেক্সের ওয়েলহেড চার্জ ৩.০৪১৪ টাকা/ঘনমিটার, পেট্রোবাংলার চার্জ ০.০৬৬৫ টাকা/ঘনমিটার এবং আইওসি/এলএনজি গ্যাসের নিট মূল্য ৭.৭৮৪০ টাকা/ঘনমিটার অন্তর্ভুক্ত হবে।

[২]উক্ত উৎপাদন চার্জের মধ্যে বাপেক্সের ওয়েলহেড চার্জ ৩.০৪১৪ টাকা/ঘনমিটার, পেট্রোবাংলার চার্জ ০.০৬৬৫ টাকা/ঘনমিটার এবং আইওসি/এলএনজি গ্যাসের নিট মূল্য ৭.৭৫৪৮ টাকা/ঘনমিটার অন্তর্ভুক্ত হবে।

২০/০৫/২০২৬

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার